# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১০২২

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০. তৃতীয় অনুচ্ছেদ - সাহু সিজদা্

### আরবী

وَعَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم يَقُول: «مَنْ صَلَّى صَلَاةً يَشُكُّ فِي النُّقْصَانِ فَلْيُصَلِّ حَتَّى يشك فِي الزِّيَادَة» . رَوَاهُ أَحْمد

### বাংলা

১০২২-[৯] ’আবদুর রহমান ইবনু ’আওফ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছি, সালাত আদায় করতে যে ব্যক্তি কম (রাক্‘আত) পড়ার সন্দেহ করে, সে যেন সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে যতক্ষণ পর্যন্ত বেশী আদায়ের সন্দেহ না করে। (আহমাদ)[1]

### ফুটনোট

[1] হাসান : আহমাদ ১৬৪৯, মুসনাদ আল বাযযার ৯৯৭। হাদীসের সানাদে ইসমা‘ঈল বিন মুসলিম যদিও একজন দুর্বল রাবী কিন্তু এর শাহিদ বর্ণনা থাকায় তা হাসানের স্তরে উন্নীত হয়েছে।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ‘যে ব্যক্তির সালাতে সন্দেহ হয় যে, সে সালাতে কম করেছে তাহলে সে এ পরিমাণ সালাত করবে যাতে সালাতে বৃদ্ধির সন্দেহ সৃষ্টি হয়’ অর্থাৎ যে চার রাক্‘আত বিশিষ্ট সালাতে সন্দেহে পতিত হয় সে তিন রাক্‘আত আদায় করেছেন নাকি চার রাক্‘আত আদায় করেছেন তা হলে কম রাক্‘আতের ভিত্তি করে সালাত সম্পন্ন করবে। অতএব উল্লেখিত অবস্থাতে তার সালাতকে তিন রাক্‘আত ধরে নিয়ে আরেক রাক্‘আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করবে যাতে তার সন্দেহ হয় যে, সে কি চার রাক্‘আত আদায় করল নাকি পাঁচ রাক্‘আত আদায় করল। কেননা হতে পারে যে, সে প্রকৃতপক্ষে চার রাক্‘আতই আদায় করেছিল এবং যে রাক্‘আতটি সে পরে আদায় করল তা পঞ্চম রাক্‘আত। এমতাবস্থায় যে ব্যক্তি তার সালাতকে তিন রাক্‘আত ধরে নিয়ে আরো এক রাক্‘আত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করে নিল সে এখন সন্দেহ করবে যে, এটি কি চতুর্থ রাক্‘আত নাকি পঞ্চম রাক্‘আত। বৃদ্ধির সন্দেহ সৃষ্টি থেকে উদ্দেশ্য এটাই।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55581

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন